

PACKAGE LEAFLET:  
INFORMATION FOR THE USER

Verimet®



Read all of this leaflet carefully before you start taking this medicine.

- Keep this leaflet. You may need to read it again.
- If you have any further questions, ask your doctor.
- This medicine has been prescribed for you. Do not pass it on to others. It may harm them, even if their symptoms are the same as yours.
- If any of the side effects gets serious, or if you notice any side effects not listed in this leaflet, please tell your doctor.

COMPOSITION

**Verimet 500 mg Tablet:** Each film coated tablet contains Metformin Hydrochloride BP 500 mg.  
**Verimet 850 mg Tablet:** Each film coated tablet contains Metformin Hydrochloride BP 850 mg.

DESCRIPTION

Metformin is a biguanide type oral antihyperglycemic drug used in the management of type 2 diabetes. It lowers both basal and postprandial plasma glucose. Its mechanism of action is different from those of sulfonylureas and generally it does not produce hypoglycemia. Metformin Hydrochloride decreases hepatic glucose production, decreases intestinal absorption of glucose and improves insulin sensitivity by increasing peripheral glucose uptake and utilization.

INDICATIONS

**Verimet (Metformin Hydrochloride tablet)** is indicated as an adjunct to diet and exercise to improve glycemic control in children and adults with type 2 diabetes mellitus.

DOSAGE & ADMINISTRATION

**Adults:** Usual Starting dose of **Verimet (Metformin Hydrochloride tablet)** is 500 mg twice a day or 850 mg once a day, given with meals. Dosage increases should be made in increments of 500 mg weekly or 850 mg every 2 weeks, up to a total of 2000 mg per day, given in divided doses.  
**Pediatrics:** Usual Starting dose of **Verimet (Metformin Hydrochloride tablet)** is 500 mg twice a day, given with meals. Dosage increases should be made in increments of 500 mg weekly up to a maximum of 2000 mg per day, given in divided doses.

CONTRAINDICATIONS

Metformin Hydrochloride is contraindicated in patients with:

1. Renal disease or renal dysfunction (e.g., as suggested by serum creatinine levels > 1.5 mg/dL [males], > 1.4 mg/dL [females] or abnormal creatinine clearance).
2. Known hypersensitivity to Metformin Hydrochloride.
3. Acute or chronic metabolic acidosis, including diabetic ketoacidosis, with or without coma.

SIDE EFFECTS

The most common side effects of Metformin are diarrhoea, nausea, vomiting, abdominal bloating, flatulence, and anorexia. Lactic acidosis also rarely occurs.

WARNINGS AND PRECAUTIONS

Metformin is known to be substantially excreted by the kidney and the risk of Metformin accumulation and lactic acidosis increases with the degree of impairment of renal function. Thus, patients with serum creatinine levels above the upper limit of normal for their age should not receive Metformin. In patients with advanced age, Metformin should be carefully titrated to establish the minimum dose for adequate glycaemic effect, because aging is associated with reduced renal function.

USE IN PREGNANCY & LACTATION

Both Metformin immediate and extended release tablets should not be used during pregnancy unless clearly needed as there are no adequate and well-controlled studies in pregnant women with Metformin. Metformin was not teratogenic in rats and rabbits at doses up to 600 mg/kg/day. The potential for hypoglycemia in nursing infants may exist, a decision should be made whether to discontinue nursing or to discontinue the drug, taking into account the importance of the drug to the mother.

DRUG INTERACTIONS

No information is available about the interaction of Metformin and Furosemide when co-administered chronically. Nifedipine appears to enhance the absorption of Metformin. Metformin had minimal effects on Nifedipine. Cationic drugs (e.g., amiloride, digoxin, morphine, procainamide, quinidine, quinine, ranitidine, triamterene, trimethoprim, or vancomycin) that are eliminated by renal tubular secretion theoretically have the potential for interaction with Metformin by competing for common renal tubular transport systems. Metformin had no effect on Cimetidine pharmacokinetics. Certain drugs tend to produce hyperglycemia and may lead to loss of glycaemic control. These drugs include the thiazides and other diuretics, corticosteroids, phenothiazines, thyroid products, estrogens, oral contraceptives, phenytoin, nicotinic acid, sympathomimetics, calcium channel blocking drugs, and isoniazid.

OVERDOSAGE

Hypoglycemia has not been seen even with ingestion of up to 85 grams of Metformin, although lactic acidosis has occurred in such circumstances. Hemodialysis may be useful for removal of accumulated drug from patients in whom Metformin overdose is suspected.

HOW TO STORE VERIMET

- Keep out of the reach and sight of children.
- Store at temperature not exceeding 30°C in a dry place. Protect from light & moisture.
- Keep this medicine in the original container/bbox.
- Do not take your medicine after the expiry date (EXP) shown on the packing materials. The expiry date refers to the last day of that month.

AVAILABILITY

**Verimet 500 Tablet:** Each box contains 3X10's tablets in Alu-PVC blister pack.

**Verimet 850 Tablet:** Each box contains 3X10's tablets in Alu-PVC blister pack.

Manufactured by:

**Veritas Pharmaceuticals Ltd.**

Vannara, Mouchak, Kaliakoir, Gazipur, Bangladesh.

© Registered Trademark.

প্যাকেজ লিফলেটঃ  
ব্যবহারকারীর জন্য তথ্য

ভেরিমেট®



এই ঔষধ গ্রহণ করার পূর্বে লিফলেটটি যত্ন সহকারে পড়ুন।

- লিফলেটটি সংরক্ষণ করুন কারণ পরবর্তীতে আবার এটি দরকার হতে পারে।
- আপনার কোন প্রশ্ন থাকলে ডাক্তারকে জিজ্ঞাস করুন।
- ঔষধটি আপনার জন্য প্রেসক্রাইব করা হয়েছে। এটি অন্যের কাছে হস্তান্তর করবেন না কারণ এতে তাদের ক্ষতি হতে পারে যদিও তাদের লক্ষণ আপনার মতোই হয়।
- যদি এই লিফলেটে উল্লেখিত পার্শ্ব-প্রতিক্রিয়া খুবই মারাত্মক হয় অথবা লিফলেটে উল্লেখ করা হয়নি এমন পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দেয়, তাহলে আপনার ডাক্তারকে অবগত করুন।

উপাদান

**ভেরিমেট ৫০০ মি.গ্রা. ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে মেটফরমিন হাইড্রোক্লোরাইড বিপি ৫০০ মি.গ্রা.।

**ভেরিমেট ৮৫০ মি.গ্রা. ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে মেটফরমিন হাইড্রোক্লোরাইড বিপি ৮৫০ মি.গ্রা.।

বর্ণনা

মেটফরমিন হচ্ছে বাইগুয়ানাইড ধরণের মুখে সেবা ডায়াবেটিক-বিরোধী ঔষধ যা টাইপ ২ ডায়াবেটিস নিয়ন্ত্রণে ব্যবহার করা হয়। এটি ব্যাসাল এবং পোস্টপ্যান্ডিয়াল রক্তশর্কর হ্রাসের গুরুত্বপূর্ণ ঔষধ। এর কার্যপ্রণালী সালফোনাইলইউরিয়ার থেকে ভিন্ন এবং এটি হাইপোগ্লাইসেমিয়া করে না। মেটফরমিন হাইড্রোক্লোরাইড যকৃতের গ্লুকোজ উৎপাদন কমায়, অঙ্গের গ্লুকোজ শোষণ কমায় এবং ইনসুলিনের সংবেদনশীলতার উন্নতি করে পেরিফেরাল গ্লুকোজ গ্রহণ ও ব্যবহারকে বৃদ্ধি করে।

নির্দেশনা

ভেরিমেট (মেটফরমিন হাইড্রোক্লোরাইড ট্যাবলেট) খাদ্য নিয়ন্ত্রণ ও ব্যায়ামের পাশাপাশি প্রাপ্ত বয়স্ক টাইপ ২ ডায়াবেটিস রোগী ও শিশুদের গ্লুকোজ নিয়ন্ত্রণের জন্য নির্দেশিত।

মাত্রা ও সেবাবিধি

বয়স্কদেরঃ সাধারণত প্রারম্ভিক সেবনমাত্রা হচ্ছে ভেরিমেট ৫০০ মি.গ্রা. দিনে দুইবার অথবা ৮৫০ মি.গ্রা. দিনে একবার খাবারের সাথে। ঔষধের মাত্রা সপ্তাহে ৫০০ মি.গ্রা. অথবা প্রতি দুই সপ্তাহে ৮৫০ মি.গ্রা. করে বাড়ানো উচিত, এভাবে বিভক্ত মাত্রায় দৈনিক ২০০০ মি.গ্রা. পর্যন্ত দেয়া যায়। শিশুদেরঃ সাধারণত প্রারম্ভিক সেবনমাত্রা হচ্ছে ভেরিমেট ৫০০ মি.গ্রা. দিনে দুইবার খাবারের সাথে। ঔষধের মাত্রা সপ্তাহে ৫০০ মি.গ্রা. করে বাড়ানো উচিত, এভাবে বিভক্ত মাত্রায় দৈনিক ২০০০ মি.গ্রা. পর্যন্ত দেয়া যায়।

প্রতিনির্দেশনা

মেটফরমিন নিম্নোক্ত ক্ষেত্রে ব্যবহার করা যাবে নাঃ

১. কিডনি সমস্যা বা অকার্যকারিতার ক্ষেত্রে (রক্তে ক্রিয়েটিনিনের মাত্রা পুরুষদের ক্ষেত্রে ১.৫ মি.গ্রা./ডেসিলিটার এবং মহিলাদের ক্ষেত্রে ১.৪ মি.গ্রা./ডেসিলিটার এর বেশি হলে অথবা রক্তে ক্রিয়েটিনিনের পরিমাণ স্বাভাবিকের চেয়ে তিনগুণ হলে)।
২. মেটফরমিন বা এর যে কোন উপাদানের প্রতি সংবেদনশীলতা।
৩. স্বল্প বা দীর্ঘমেয়াদী মেটাবলিক এসিডোসিস, কোমা বা কোমা ব্যতিত ডায়াবেটিক ক্রিটোএসিডোসিস।

সতর্কতা

চিকিৎসা চলাকালীন সময়ে মেটফরমিন শরীরে অধঃয়ের ফলে ল্যাকটিক এসিডোসিস হতে পারে যদিও এ ধরণের ঘটনা কদাচিৎ ঘটে। গর্ভবর্তী মায়াদের ক্ষেত্রে ব্যবহারঃ মেটফরমিন বা মেটফরমিন এক্সটেনডেড রিলিজ ট্যাবলেট খুব প্রয়োজন ছাড়া গর্ভাবস্থায় ব্যবহার করা উচিত নয়।

পার্শ্ব-প্রতিক্রিয়া

ডায়রিয়া, বমি বমি ভাব, বমি, পেট ফাঁপা, দুর্বলতা, বদহজম, পাকস্থলীর অস্বস্তি, মাথা ব্যথা প্রভৃতি।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

এ অবস্থায় যেহেতু হাইপোগ্লাইসেমিয়া দেখা দেবার সম্ভাবনা থাকে সেহেতু ঔষধটি গ্রহণ করতে হলে স্তন্যদান বন্ধ রাখতে হবে।

অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়া

মেটফরমিন ও ফুরোসেমাইড একত্রে সেবনে দীর্ঘমেয়াদী কোন প্রতিক্রিয়ার তথ্য পাওয়া যায়নি। নিফিডিপিন মেটফরমিনের শোষণ বাড়ালেও নিফিডিপিনের উপর মেটফরমিনের সামান্য প্রভাব পরিলক্ষিত হয়। ক্যাটায়নিক ড্রাগ (যেমন-অ্যামিলোরাইড, ডিপোফ্রিন, মরফিন, প্রোকাইনামাইড, কুইনিডিন, কুইনিন, রেনিডিন, ট্রায়মিডিন, ট্রাইমিথোপ্রিম অথবা ভেনকোমাইসিন) যারা কিডনির মাধ্যমে নিষ্কাশিত হয়, যেসব ক্ষেত্রে নিষ্কাশিত হবার সময় মেটফরমিনের সাথে প্রতিযোগিতার সম্ভাবনা হতে পারে। সিমিটাইডিনের ফার্মাকোকাইনেটিক এর উপর মেটফরমিনের কোন প্রভাব নেই। কিছু কিছু ঔষধ যেমন থায়াজাইড ও অন্যান্য মূত্রবর্ধক কার্টিকোস্টেরয়েড, ফেনোথ্যাজিন থাইরয়েড প্রোডাক্ট, ইস্ট্রোজেন, মুখে খাবার জ্বালানোরোধক, ফিনাইটোয়েন, নিকোটিনিক এসিড, সিমপ্যাথোমাইমেটিক, ক্যালসিয়াম চ্যানেল ব্লকার এবং আইসোনায়াজাইড হাইপারগ্লাইসেমিয়া তৈরি করতে পারে এবং এসব ঔষধ গ্রহণের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

অতিমাত্রা

সর্বাধিক ৮৫ গ্রাম মেটফরমিন সেবন করার পরেও হাইপোগ্লাইসেমিয়া দেখা যায়নি, যদিও এ ক্ষেত্রে ল্যাকটিক এসিডোসিস দেখা যায়। রোগী যদি অত্যধিক ঔষধ সেবন করে, তবে হেমাডায়ালাইসিসের মাধ্যমে জমাকৃত ঔষধ সহজেই দেহ থেকে বের করা যায়।

সংরক্ষণ

- শিশুদের নাগালের বাইরে রাখুন।
- আলো থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে ৩০° সে. তাপমাত্রার নিচে রাখুন।
- ঔষধটি তার নিজস্ব আসল বাক্সে রাখুন।
- প্যাকিং সামগ্রীতে উল্লেখিত মেয়াদ উত্তীর্ণের তারিখের পর ঔষধ গ্রহণ করবেন না। মেয়াদ উত্তীর্ণের তারিখ বলতে মাসের শেষ দিনকে বুঝাবে।

সরবরাহ

**ভেরিমেট ৫০০ ট্যাবলেটঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৩x১০টি ট্যাবলেট এ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে।

**ভেরিমেট ৮৫০ ট্যাবলেটঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৩x১০টি ট্যাবলেট এ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারকঃ

**ভেরিতাস ফার্মাসিউটিক্যালস লিঃ**

তান্নারা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ।

© রেজিস্টার্ড ট্রেডমার্ক।